দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 APR 2017
পৃষ্ঠা ৬ কলাম ৬

# টেকসই উন্নয়নের জন্য আন্তর্জাতিক মান বাস্তবায়নের বিকল্প নেই

■ ইত্তেফাক রিপোর্ট

পরিবেশ বিপর্যয় এবং দূষণরোধে আন্তর্জাতিক মান সংস্থা (আইএসও) প্রণীত পরিবেশ বিষয়ক স্ট্যান্ডার্ড আইএসও ১৪০০১:২০১৫ মেনে শিল্পকারখানা স্থাপন এবং পণ্য উৎপাদনের আহ্বান জানিয়েছেন বিশেষজ্ঞরা। গতকাল সোমবার বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) এবং সার্কভুক্ত দেশসমূহের মান সংস্থা নিয়ে গঠিত সাউথ এশিয়ান রিজিওনাল স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন (সার্সো)-এর যৌথ উদ্যোগে সার্সো সেক্রেটারিয়েটের অডিটরিয়ামে আয়োজিত সচেতনতামূলক সেমিনারে বিশেষজ্ঞ বক্তারা এ আহ্বান জানান।

**বিএসটিআই-সার্সো আয়োজিত সেমিনারে বক্তরা**

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই'র মহাপরিচালক মো. সাইফুল হাসিব। বক্তব্য রাখেন বিএসটিআই'র পরিচালক (মান) আ,ন,ম, আসাদুজ্জামান, সার্সোর পরিচালক ইন্দু বিক্রম জোসি, রিড কনসাল্টিং বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ফিলিপ প্রক্টর, পরিবেশ অধিদপ্তরের পরিচালক ড. ফজলে রাব্বী সিদ্দিকী, মাসুদ ইকবাল শামীম। সেমিনারে আইসএও ১৪০০১:২০১৫-এর উপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনায় বিশেষজ্ঞরাসহ বিভিন্ন চেম্বার, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, এসোসিয়েশন, ব্যবসায়ী সংগঠন, উৎপাদনকারী ও আমদানিকারক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

সেমিনারে বিএসটিআই'র মহাপরিচালক বলেন, পরিবেশ দূষণের জন্য আমরা প্রত্যেকে কোনো না কোনোভাবে দায়ি। ব্যক্তিগত জীবন, অপরিকল্পিতভাবে শিল্পকারখানা স্থাপনসহ সবকিছুই আমাদের পরিবেশ দূষণের জন্য দায়ি। নিজেদের এবং পরবর্তী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী গড়তে আমাদের এ থেকে বেরিয়ে আসার কোনো বিকল্প নেই। তিনি আরো বলেন, টেকসই উন্নয়নের জন্য পরিবেশ ব্যবস্থাপনার উপর জোর দেয়া প্রয়োজন।

আমাদের অনুধাবন এবং ভালো উদ্যোগ পরিবেশ সুরক্ষায় একধাপ এগিয়ে রাখবে। দেশ বাঁচবে, জাতি সুরক্ষিত হবে। এক্ষেত্রে পরিবেশ ব্যবস্থাপনার উপর প্রণীত আইএসও স্ট্যান্ডার্ড ১৪০০১:২০১৫-এর বাস্তবায়ন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ব্যান্‌বেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
উপ. পরিসংখ্যান বিভাগ
নিঃ ই.এল.পি বিভাগ
সিনিয়র ...
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর